গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**চেয়ারম্যান,** বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

এবং

**সচিব,** সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**জুলাই ১, ২০১৮- জুন ৩০, ২০১৯**

# সূচীপত্র


বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটিএ (বিআরটিএ) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র -------------------৩

উপক্রমণিকা -----------------------------------------------------------------------------------৪

সেকশন-১: বিআরটিএ'র রূপকল্প, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী ---------------------------৫

সেকশন-২: বিআরটিএ'র বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ------৬

সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্যসমূহ, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ -৭

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms) ---------------------------------------------------১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তাবায়নকারী দপ্তর, সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি -------১২

সংযোজনী ৩: দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ............................................ ১৪

# বিআরটিএ'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the performance of BRTA)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জন

ডিজিটাল, টেকসই ও পরিবেশবান্ধব সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিআরটিএ'র কার্যক্রম অব্যাহত রয়েছে। বিগত ৩ (তিন) অর্থ-বছরে এ অথরিটি কর্তৃক ১২ লক্ষ ৯০ হাজার মোটরযানের রেজিস্ট্রেশন, ১৭ লক্ষ ২০ হাজার মোটরযানের ফিটনেস সার্টিফিকেট, ১১ লক্ষ ৩১ হাজর স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন এবং ১১ লক্ষ ৪৩ হাজার মোটরযানের রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও রেডিও ফ্রিকুয়েন্সি আইডেনটিফিকেশন (আরএফআইডি) ট্যাগ সংযোজন করা হয়েছে। মোটরযান সংক্রান্ত বিভিন্ন সার্ভিস প্রদানের মাধ্যমে মোট ৪ হাজার ৬৫৭ কোটি টাকা রাজস্ব আদায় করা হয়েছে। সড়ক নিরাপত্তা জোরদারকরণের উদ্দেশ্যে গত ৩ অর্থ-বছরে মোট ১ লক্ষ ৬৫ হাজার পেশাদার মোটরযান চালককে সড়ক নিরাপত্তা বিষয়ে দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক রি-ফ্রেসার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া গত ৩ অর্থ-বছরে সড়ক নিরাপত্তা ও গণসচেতনা সৃষ্টির উদ্দেশ্যে মোট ১৮০টি সভা ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে এবং সড়ক নিরাপত্তা ও গণসচেতনতামূলক ২১ লক্ষ ৯০ হাজার স্টিকার ও লিফলেট বিতরণ করা হয়েছে। ত্রুটিপূর্ণ এবং ফিটনেস ও রেজিস্ট্রেশনবিহীন মোটরযানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এ অথরিটির ম্যাজিস্ট্রেটসহ জেলা প্রশাসনের ম্যাজিস্ট্রেটবৃন্দের মাধ্যমে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে বিগত ৩ অর্থ-বছরে মোট ১ লক্ষ ১ হাজার ৫৪৫ টি মামলা রুজু করা হয়েছে।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

মোটরযান ব্যবস্থাপনায় ডিজিটাল কার্যক্রমের অংশ হিসেবে বিগত ৩১ অক্টোবর ২০১২ সনে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রবর্তন করা হলেও গণসচেতনার অভাবে প্রায় ২০ শতাংশ গাড়িতে নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন করা সম্ভব হয়নি। সংশ্লিষ্ট মোটরযান মালিকগণের মোবাইলে এসএমএস এর মাধ্যমে, পত্রিকায় গণবিজ্ঞপ্তির মাধ্যমে, স্থানীয় এলাকায় মাইকিং করে এসকল মোটরযানের নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনের মাধ্যমে ডিজিটাল কার্যক্রমের আওতায় আনার প্রচেষ্টা অব্যাহত থাকবে।

### ভবিষ্যৎ পরিকল্পনা

দেশে মানসম্পন্ন ড্রাইভার সৃষ্টি ও সড়ক নিরাপত্তা পরিস্থিতির উন্নয়নকল্পে আগামী ৪ (চার) বছরে ঢাকাসহ ময়মনসিংহ, রাঙামাটি, নোয়াখালী ও যশোর জেলা শহরে বিআরটিএ ভবনসহ ভেহিকেল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) ও আবাসিক সুবিধাসম্পন্ন মোটর ড্রাইভিং ট্রেনিং এ্যন্ড টেস্টিং সেন্টার নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। চলতি অর্থ-বছর হতেই মোটরযান রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত সেবাসমূহের জন্য অনলাইনে আবেদনের সুযোগ সৃষ্টি করা হবে যাতে গ্রাহক ঘরে বসেই কতিপয় সেবা গ্রহণ করতে সক্ষম হবেন।

### ২০১৮-১৯ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ৪ লক্ষ ৮০ হাজার মোটরযানের রেজিস্ট্রেশন ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান;
- ৪ লক্ষ মোটরযানের রেট্রোরিফ্লেকটিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন;
- ৬ লক্ষ ৭০ হাজার মোটরযানের ফিটনেস সার্টিফিকেট প্রদান;
- ৪ লক্ষ ৫০ হাজার স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন;
- ১৬২৬ কোটি টাকা মোটরযান কর ও ফি আদায়;
- ১ লক্ষ ২০ হাজার পেশাদার মোটরযান চালককে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতামূলক রিফ্রেসার প্রশিক্ষণ প্রদান;
- ৩০ হাজার ভ্রাম্যমান আদালত পরিচালনা;
- সড়ক নিরাপত্তা বিষয়ে গণসচেতনা বৃদ্ধির লক্ষ্যে ৬৫টি সভা ও সেমিনার অনুষ্ঠান ও ৮ লক্ষ লিফলেট বিতরণ
- দশ বছরের অধিক ফিটনেসবিহীন প্রায় ৮২ হাজার মোটরযানের রেজিস্ট্রেশন বাতিল ও ডাটাবেজ হালনাগাদকরণ।

## উপক্রমণিকা (Preamble)

চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর মধ্যে ২০১৮ সনের জুন মাসের ২১ তারিখে এই চুক্তি স্বাক্ষরিত হ'ল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১:

### বিআরটিএ'র রুপকল্প (Mission), অভিলক্ষ্য(Vision), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রুপকল্প(Vision)

একটি ডিজিটাল ও টেকসই সড়ক পরিবহন ব্যবস্থা

১.২ অভিলক্ষ্য(Mission)

একটি ডিজিটাল, টেকসই ও পরিবেশ বান্ধব সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)

১.৩.১ বিআরটিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা সম্প্রসারণ

২. সড়ক নিরাপত্তা জোরদারকরণ

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলী (Functions)

- মোটরযান চালনার ড্রাইভিং লাইসেন্স, মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট, ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স, রুটপারমিট ইত্যাদি প্রদান;
- মোটরযান প্রস্তুতকারী ও সংযোজনকারী প্রতিষ্ঠান, মোটরযান ওয়ার্কশপ, ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল ইত্যাদির রেজিস্ট্রেশন প্রদান;
- যাত্রী ও পণ্য পরিবহণ সার্ভিস কার্যক্রম তদারকি ও নিয়ন্ত্রণ;
- সরকারি মোটরযান মেরামত ও অকেজো ঘোষণার নিমিত্ত পরিদর্শন প্রতিবেদন প্রদান;
- সড়ক দুর্ঘটনায় জড়িত মোটরযানের পরিদর্শন প্রতিবেদন প্রদান;
- সড়ক নিরাপত্তা সম্পর্কিত কার্যক্রম গ্রহণ;
- মোটরযানের টাইপ ও শ্রেণির নমুনা অনুমোদন এবং তদনুযায়ী নির্মাণ ও চলাচল নিয়ন্ত্রণ;
- মোটরযানের এক্সেল লোড ও ওজনসীমা নির্ধারণ ও নিয়ন্ত্রণ;
- আঞ্চলিক পরিবহণ কমিটি গঠন ও ইহার কার্যক্রম তদারকি, পরিবীক্ষণ ও সমন্বয়;
- মোটরযানের কর ও ফি আদায় এবং সরকারের পূর্বানুমতিক্রমে মোটরযানের ফি নির্ধারণ;
- গণপরিবহণের ভাড়া নির্ধারণ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- সরকার কর্তৃক সংশ্লিষ্ট অন্য কোনো আইন, বিধি, প্রবিধান দ্বারা প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

## সেকশন ২

### বিআরটিএ'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| মোটরযান ব্যবস্থাপন সংক্রান্ত সেবা প্রদানের সময় হ্রাস | ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির গড় সময় (চূড়ান্ত আবেদন গ্রহণের সময় থেকে) | দিন | ১২০ | ৭৫ | ৬০ | ৫০ | ৪৫ | - | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদানের গড় সময় (চূড়ান্ত আবেদন গ্রহণের সময় থেকে) | দিন | ৭০ | ৬০ | ৪৫ | ৪০ | ৩০ | - | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| সড়ক দুর্ঘটনা হ্রাস | সড়ক দুর্ঘটনা হ্রাসের হার | শতাংশ | - | - | ১২ | ১৪ | ১৫ | বাংলাদেশ পুলিশ<br>সড়ক ও জনপথ অধিদপ্তর<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

## সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যর মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| বিআরটিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] মোটরযান ব্যবস্থাপনার আধুনিকায়ন ও সহজীকরণ | ৫৫ | [১.১] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ৫ | ৪.১৬ | ৪.৮০ | ৪.৯০ | ৪.৮০ | ৪.৬০ | ৪.৫০ | ৪.৪০ | ৪.৬৫ | ৪.৭০ |
| | | | [১.১.২] মোটরযানে রেট্রো-রিফ্লেকটিভ নাম্বারপ্লেট সংযোজন | সংখ্যা (লক্ষ) | ৪ | ৩.৯৮ | ৪.০০ | ৪.১০ | ৪.০০ | ৩.৯০ | ৩.৮০ | ৩.৭০ | ৪.১৫ | ৪.২০ |
| | | [১.২] মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [১.২.১] ভিআইসি স্থাপনে পরামর্শক নির্বাচন | তারিখ | ৩ | - | - | ৩১-১২-২০১৮ | ১৫-০১-২০১৯ | ২৪-০১-২০১৯ | ৩১-০১-২০১৯ | ১১-০২-২০১৯ | - | - |
| | | | [১.২.২] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ৪ | ৫.২০ | ৫.১০ | ৫.৭৫ | ৫.৭০ | ৫.৬০ | ৫.৪০ | ৫.২০ | ৫.৮০ | ৬.০০ |
| | | | [১.২.৩]ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ৪ | ০.৭৫ | ০.৯৪ | ০.৯৫ | ০.৯২ | ০.৯০ | ০.৮৫ | ০.৮০ | ১.০০ | ১.১০ |
| | | [১.৩] দশ বছর মেয়াদান্তে রেজিস্ট্রেশনকৃত মোটর সাইকেলের ট্যাক্স টোকেন ইস্যুকরণ | [১.৩.১] দশ বছর মেয়াদান্তে ইস্যুকৃত ট্যাক্সটোকেন | সংখ্যা | ২ | ০ | ৫৫০ | ২০০০ | ১৯০০ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ৪০০০ | ৫০০০ |
| | | [১.৪] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | [১.৪.১] ২৪ ঘন্টার মধ্যে শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | শতকরা হার | ৪ | - | ৯৮% | ১০০% | ৯৯% | ৯৮% | ৯৭% | ৯৬% | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | | [১.৪.২] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | সংখ্যা (লক্ষ) | ৪ | ৩.০৩ | ৩.৪০ | ৩.৫০ | ৩.৪০ | ৩.৩০ | ৩.২০ | ৩.১০ | ৩.৭০ | ৩.৮০ |
| | | | [১.৪.৩] ড্রাইভিং লাইসেন্স নবায়ন | সংখ্যা (লক্ষ) | ৪ | ০.৪৮ | ১.১০ | ১.২০ | ১.১৫ | ১.১০ | ১.০০ | ০.৯০ | ১.৩০ | ১.৪০ |
| | | [১.৫] মোটরযান কর ও ফি আদায় | [১.৫.১] সংগৃহীত রাজস্ব | টাকা (কোটি) | ৪ | ১৪৫০.২৫ | ১৫৯০ | ১৬২৬ | ১৬২০ | ১৬০০ | ১৫৯০ | ১৫৮০ | ১৮০০ | ১৯০০ |
| | | [১.৬] ফিটনেস মেয়াদোত্তীর্ণ গাড়ীর রেজিস্ট্রশন বাতিল | [১.৬.১] বিজ্ঞপ্তি প্রকাশিত | তারিখ | ৩ | - | - | ০৪/০২/১৮ | ০৭/০২/১৮ | ১০/০২/১৮ | ১৪/০২/১৮ | ১৯/০২/১৮ | - | - |
| | | | [১.৬.২]রেজিস্ট্রেশন বাতিলকৃত গাড়ীর সংখ্যা | (হাজার) | ৩ | - | ৫৫ | ৮২ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৯০ | ১২০ |
| | | | [১.৬.৩] ডাটাবেইজ হালনাগাদকতৃ | তারিখ | ৩ | | | ৩১.৫.১৯ | ১০.৬.১৯ | ১৯.৬.১৯ | ২৪.৬.১৯ | ২৭.৬.১৯ | ৩১.৫.২০ | ৩১.৫.২১ |
| | | [১.৭] যানবাহনের সৌন্দর্য বৃদ্ধিকরণ | [১.৭.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ৩ | - | ১৫ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২৫ | ১২০ | ১২০ | ১০০ |
| | | | [১.৭.২] রুজুকৃত মামলা | সংখ্যা | ২ | - | - | ৭৫০ | ৭৪০ | ৭৩০ | ৭২০ | ৭১০ | ৬৫০ | ৫০০ |
| | | | [১.৭.৩]স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৩ | | ৪ | ৩ | ২ | ১ | - | - | ৪ | ৪ |
| [২] সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ | ২০ | [২.১] পেশাদার চালকদের প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত [রিফ্রেশার] পেশাদার চালক | সংখ্যা (হাজার) | ৫ | ৫২.৬৭ | ১০০ | ১২০ | ১১০ | ১০০ | ৯৫ | ৯০ | ১২০ | ১৩০ |
| | | [২.২] মোবাইলকোর্ট পরিচালনা | [২.২.১] পরিচালিত অভিযান | সংখ্যা | ৩ | - | - | ৩০০০ | ২৯০০ | ২৮০০০ | ২৭০০ | ২৬০০ | ৩১০০ | ৩২০০ |
| | | | [২.২.২] রুজুকৃত মামলার | সংখ্যা | ৪ | ৩৭২৪২ | ২২৫০০ | ৩০০০০ | ২৯০০০ | ২৮০০০ | ২৭০০০ | ২৬০০০ | ৩৫০০০ | ৪০০০০ |
| | | [২.৩] জনসচেতনতা সৃষ্টি | [২.৩.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সংখ্যা | ৩ | ৬০ | ৬০ | ৬৪ | ৬২ | ৬০ | ৫৮ | ৫৬ | ৬৫ | ৬৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যর মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | | [২.৩.২] বিলিকৃত লিফলেট, স্টিকার ও পোস্টার | সংখ্যা (লক্ষ) | ৩ | ৬.৯০ | ৭.৫ | ৮.০০ | ৭.৯০ | ৭.৮০ | ৭.৭০ | ৭.৬০ | ৮.৫ | ৯.০ |
| | | | [২.৩.৩]শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সড়ক নিরাপত্তা বিষয়ক প্রামান্য চিত্র (সিডি) প্রস্তুত | তারিখ | ২ | - | - | ৩১-০৩-২০১৯ | ১০-০৪-২০১৯ | ২২-০৪-২০১৯ | ২৫-০৪-২০১৯ | ৩০-০৪-২০১৯ | - | - |

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সচিব, চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

চেয়ারম্যান
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

তারিখ:

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

তারিখ:

**সংযোজনী-১**

**শব্দ সংক্ষেপ**

| ক্রম | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিআরটিএ | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি |
| ২ | আরএফআইডি | রেডিও ফ্রিক্যুয়েন্সি আইডেনটিফিকেশন |
| ৩ | ডিআরসি | ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট |
| ৪ | ভিআইসি | ভেহিকেল ইন্সপেকশন সেন্টার |

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি ও উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট | ইলেক্ট্রনিক চিপযুক্ত ডিজিটাল স্মার্ট কার্ড যার উভয় পার্শ্বে গাড়ি ও মালিকানা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য, মালিকের ছবি ও নিরাপত্তা ফিচার মুদ্রিত থাকে। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | বিআরটিএ ইনফরমেশন সিস্টেম ও ইলেক্ট্রনিক ভেহিকেল রেজিস্ট্রেশন সিস্টেম | |
| | [১.১.২] মোটরযানে রেট্রো-রিফ্লেকটিভ নাম্বারপ্লেট সংযোজন | সকল গাড়িতে একই ধরণের রেট্রো-রিফ্লেকটিভ নাম্বারপ্লেট (রাতে আলোতে উজ্জ্বল দেখায়) সংযোজন করা হয় এবং প্রত্রেক গাড়ীর নাম্বার প্লেটের সাথে একটি করে আরএফআইডি ট্যাগ লাগানো থাকে যার মাধ্যমে গতিবিধি পর্যবেক্ষণ করা যায় | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | বিআরটিএ ইনফরমেশন সিস্টেম ও ইলেক্ট্রনিক ভেহিকেল রেজিস্ট্রেশন সিস্টেম | |
| [১.২] মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [১.২.১] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | মোটরযানের রাস্তায় চলাচলের উপযুক্ততার সার্টিফিকেট হিসেবে ফিটনেস সার্টিফিকেট ইস্যু করা হয়। মোটরযান পরিদর্শন সাপেক্ষে প্রতি বছর এই সার্টিফিকেট নবায়ন করা হয়। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | বিআরটিএ ইনফরমেশন সিস্টেম | |
| | [১.২.২]ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট | নতুন গাড়ি রেজিস্ট্রেশনের সময় ফিটনেস সার্টিফিকেট ইস্যু করা হয়। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | বিআরটিএ ইনফরমেশন সিস্টেম | |
| [১.৩] দশ বছর মেয়াদান্তে রেজিস্ট্রেশনকৃত মোটর সাইকেলের ট্যাক্স টোকেন ইস্যুকরণ | [১.৩.১] দশ বছর মেয়াদান্তে ইস্যুকৃত ট্যাক্সটোকেন | যে সকল মোটর সাইকেলের ট্যাক্সটোকেনের মেয়াদ ১০ (দশ) বছর অতিক্রান্ত হয় তাদের ট্যাক্স টোকেন যাচাই করে ফি ব্যাতীত পুনরায় প্রতি বছরের জন্য ট্যাক্স টোকেন ইস্যু করা হয় | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | বিআরটিএ ইনফরমেশন সিস্টেম | |
| [১.৪] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | [১.৪.১] ২৪ ঘন্টার মধ্যে শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রথমে শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয়। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | বিআরটিএ ইনফরমেশন সিস্টেম | |
| | [১.৪.২] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | পরীক্ষায় অংশগ্রহন করে কৃতকার্য হলে চূড়ান্তভাবে ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয়। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স সিস্টেম | |
| | [১.৪.৩] ড্রাইভিং লাইসেন্স নবায়ন | পেশাদার লাইসেন্স ৫ বছর এবং অপেশাদার লাইসেন্স ১০ বছর পর পর নবায়ন করা হয়। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স সিস্টেম | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি ও উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.৫] মোটরযান কর ও ফি আদায় | [১.৫.১] সংগৃহীত রাজস্ব | মোটরযান ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত বিভিন্ন সার্ভিস প্রদানের জন্য আদায়কৃত রাজস্ব | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | কালেকশন অব এমভি ট্যাক্স এ্যান্ড ফি সিস্টেম | |
| [১.৬] ফিটনেস মেয়াদোত্তীর্ণ গাড়ীর রেজিস্ট্রশন বাতিল | [১.৬.১] রেজিস্ট্রেশন বাতিলকৃত গাড়ীর সংখ্যা | দশ বছর যাবৎ ফিটনেসবিহীন মোটরযানসমূহের তালিকা করে প্রতি বছর রেজিস্ট্রেশন বাতিলকৃত মোটরযানের সংখ্যা | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | বিআরটিএ ইনফরমেশন সিস্টেম | |
| | [১.৬.২] ডাটাবেইজ হালনাগাদকত্ | বাতিলকৃত মোটরযানসমূহ ডাটাবেজ থেকে পৃথক করে হালনাগাদকরণ | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | বিআরটিএ ইনফরমেশন সিস্টেম | |
| [১.৭] যানবাহনের সৌন্দর্য বৃদ্ধিকরণ | [২.৭.১] পরিচালিত অভিযান | যানবাহনের সৌন্দর্য বৃদ্ধির উদ্দেশ্যে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে অভিযান পরিচালনা করা হয়। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৭.২]স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত সভা | যানবাহনের স্টেকহোল্ডারদের সাথে সৌন্দর্য বৃদ্ধিকরণ সংক্রান্ত সভা অনুষ্ঠান | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | - | |
| [২.১] পেশাদার চালকদের প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত [রিফ্রেশার] পেশাদার চালক | পেশাদার গাড়ি চালকদের দক্ষতা ও সড়ক নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক স্বল্পমেয়াদি প্রশিক্ষণ প্রদান। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] মোবাইলকোর্ট পরিচালনা | [২.২.১] রুজুকৃত মামলার | সড়ক পরিবহন সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয় এবং অপরাধের বিরুদ্ধে মামলা প্রদান করা হয়। এর ফলে সড়ক নিরাপত্তা বৃদ্ধি পায়। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] জনসচেতনতা সৃষ্টি | [২.৩.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা ও সেমিনারের আয়োজন। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৩.২] বিলিকৃত লিফলেট, স্টিকার ও পোস্টার | সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও পোস্টার বিতরণ। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

**সংযোজনী: ৩**

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ ( Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান ( Fair ) ৭০% | চলতিমানের নিম্নে ( Poor ) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ জুন | ২৪ জুন, ২০১৮ জুন | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দু'টি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারী পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ (Target Value -2018-19) | | | | |
| | | | | | | অসাধারণ ( Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান ( Fair ) ৭০% | চলতিমানের নিম্নে ( Poor ) ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনায় উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ , ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ , ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মচূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন**** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর , ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

**** মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।